

দিল্লী ও কলকাতায় বিভিন্ন কমিউনিস্ট পার্টি, বামপন্থি গ্রুপ ও ব্যক্তিবর্গের সাথে বাসদ নেতৃবৃন্দের মতবিনিময়

বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান গত ২০ থেকে ২৭ জুলাই ভারত সফর করেন। এসময় তিনি ২০ জুলাই '১৭ সন্ধ্যায় কলকাতায় একটি হোটেলে বিভিন্ন বামপন্থি নেতা-কর্মীদের সাথে মতবিনিময় করেন। ২২ জুলাই সকালে দিল্লীর একটি হোটেলে হরিয়ানা, কেরালা ও দিল্লীর বিভিন্ন বাম নেতা-কর্মীদের সাথে মতবিনিময় করেন। একই দিন বিকেল ৫টায় দিল্লীতে ভারতের কমিউনিস্ট পার্টি (এমএল) লিবারেশনের কেন্দ্রীয় কার্যালয় 'চারু ভবন'-এ পার্টি নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ে উপস্থিত ছিলেন সিপিআই (এমএল) লিবারেশনের সাধারণ সম্পাদক কমরেড দিপংকর ভট্টাচার্য, পলিটব্যুরোর সদস্য কমরেড কবিতা কৃষ্ণন ও কমরেড ধীরেন বা। বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বজলুর রশীদ ফিরোজ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

২৬ জুলাই বিকেল ৫টায় কমরেড খালেকুজ্জামান কলকাতায় সেস্টাস কার্যালয়ে নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন এবং সন্ধ্যা ৭টায় একটি হোটেলে কমিউনিস্ট পার্টি অব ভারত (সিপিবি) নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন। সিপিবি নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন পার্টির সাধারণ সম্পাদক কমরেড রঞ্জণ চক্রবর্তী, কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বর্ণালী মুখার্জী ও কমরেড কুন্তল ঘোষ। বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড বজলুর রশীদ ফিরোজ এসময় উপস্থিত ছিলেন।

দিল্লী ও কলকাতায় মতবিনিময়ে কমরেড খালেকুজ্জামান বর্তমান বিশ্বপরিস্থিতি, বামপন্থি আন্দোলন, জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে পুঁজিবাদ-সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলন, পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় ও সহযোগিতার বিষয়ে আলোচনা করেন।

মতবিনিময়কালে নেতৃবৃন্দ দক্ষিণ এশিয়ায় সাম্রাজ্যবাদ বিরোধী প্লাটফর্ম গড়ে তোলা ও পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় ও সহযোগিতার ব্যাপারে ঐক্যমত পোষণ করেন এবং উদ্যোগ গ্রহণের কথা বলেন।

২৬ জুলাই সকালে কলকাতায় একটি হোটেলে ভারতীয় গণনাট্য সংস্থার বিশিষ্ট শিল্পী শ্রী কংকন ভট্টাচার্য ও শ্রীমতি মন্দিরা ভট্টাচার্যের সাথেও সৌজন্য মতবিনিময় করেন। মতবিনিময়ে কমরেড খালেকুজ্জামান দুদেশের সাংস্কৃতিক বিনিময় ও বিপ্লবী সংস্কৃতি চর্চার উপর গুরুত্ব আরোপ করেন। এসময় শিল্পীদ্বয় কমরেড খালেকুজ্জামানকে তাদের গাওয়া সঙ্গীতের সিডি উপহার দেন।